# ২০২৪ সালের এইচএসসি পরীক্ষার সিলেবাস প্রকাশ

ইত্তেফাক অনলাইন ডেস্ক

প্রকাশ : ০৭ জুলাই ২০২৩, ১১:৫৮



প্রতীকী ছবি

**আগামী বছরের (২০২৪ সালের) এইচএসসি ও সমমান পরীক্ষার সিলেবাস প্রকাশ করেছে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি।**

দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

বৃহস্পতিবার (৬ জুলাই) আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকারের স্বাক্ষর করা এক বিজ্ঞপ্তিতে এ সিলেবাস প্রকাশ করা হয়।

এতে বলা হয়, আগামী বছরের (২০২৪ সাল) এইচএসসি পরীক্ষা জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক প্রণীত ২০২৩ সালের পুনর্বিন্যাসকৃত সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

## বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

অফিস, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

### বিজ্ঞপ্তি

স্মারক নং-আশিবো/প্রশা/২০১০/১৪৬২ তারিখঃ০৬/০৭/২০২৩খ্রি.

বিষয়: ২০২৪ সালের এইচএসসি ও সমমান পরীক্ষার পাঠ্যসূচি প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৯১.৯৯.০০১.২৩-৩০৭, তারিখ: ০৫/০৭/২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, ২০২৪ সালের এইচএসসি ও সমমান পরীক্ষার পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের এইচএসসি ও সমমান পরীক্ষা জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রণীত ২০২৩ সালের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

২. ২০২৪ সালের এইচএসসি ও সমমান পরীক্ষা সকল বিষয়ে অনুষ্ঠিত হবে।

৩. এইচএসসি ও সমমান পর্যায়ে প্রতিটি বিষয় ও পত্রে ৩ ঘন্টা সময়ে পূর্ণ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

০৬/০৭/২০২৩

প্রফেসর তপন কুমার সরকার

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, পরীক্ষা সব বিষয়ে অনুষ্ঠিত হবে। প্রতিটি বিষয় ও পত্রে ৩ ঘণ্টা সময়ে পূর্ণ নম্বরে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

সম্প্রতি এনসিটিবি'র চেয়ারম্যান অধ্যাপক ফরহাদুল ইসলাম গণমাধ্যমকে বলেন, সিলেবাস ঠিক করতে একটু দেরি হয়েছে। আমরা সিদ্ধান্ত নিয়েছি, ২০২৩ সালের মতোই ২০২৪ সালের এইচএসসি পরীক্ষা সংক্ষিপ্ত সিলেবাসে নেওয়া হবে।

করোনার কারণে ২০২০ সালের এইচএসসি পরীক্ষা হয়নি। এসএসসি ও জেএসসির ফলের ভিত্তিতে এইচএসসির ফল নির্ধারণ হয়। পরের দুই বছর এইচএসসি পরীক্ষা হয় সংক্ষিপ্ত সিলেবাসে।